



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/ বাগেরহাট-১১৩/২২৫৭/৫

তারিখঃ ০৪.২০১৯খ্রিঃ

বিষয়ঃ- সোনাতলা ইসলামিয়া আলিম মাদ্রাসার অধ্যক্ষ মো: ফারুক আহমদ খানকে স্বপদে বহাল করা প্রসঙ্গে।

১) সূত্র নং বামাশিবা/প্রশা/বাগেরহাট-১১৩/২২৫৪/৫, তারিখ ১২/০৩/২০১৯ ইং।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বাগেরহাট জেলার শরণখোলা উপজেলাধীন সোনাতলা ইসলামিয়া আলিম মাদ্রাসার সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ মো: ফারুক খান এর ২৭/১২/২০১৮খ্রি: তারিখের আবেদন নিষ্পত্তিকল্পে মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মো: মাসুম বিল্লাহ ও সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ মো: ফারুক আহমদ এর মুখোমুখি শুনানী গ্রহন করার জন্য (১) নং সূত্রের স্মারকে পত্র প্রেরন করা হয়। তার প্রেক্ষিতে গত ২১/০৩/২০১৯ খ্রি: তারিখে অত্র বোর্ডের সভাকক্ষে উভয় পক্ষের শুনানীতে জনাব মো: ফারুক আহমেদ খান জানান ম্যানেজিং কমিটি ১৮/০৭/২০১৬ খ্রি: তারিখের সভায় ০৬ জন সদস্য তার সাময়িক বরখাস্তের বিরুদ্ধে ছিলেন, পরবর্তীতে ২১/০৭/২০১৬ খ্রি: তারিখে ০৫ জন সদস্য দিয়ে মূলতবি সভা দেখিয়ে তাকে সাময়িক বরখাস্ত করেন। এ ছাড়াও সাময়িক বরখাস্তের পর তদন্ত করে প্রয়োজনীয় পদক্ষেপ না নিয়ে বুলিয়া রাখা হয়। উক্ত বিষয়ে ভারপ্রাপ্ত অধ্যক্ষকে জিজ্ঞাসাবাদে তিনি সন্তোষজনক কোন জবাব দিতে পারেন নাই, বিধায় মাদ্রাসার অধ্যক্ষ মো: ফারুক আহমদ খান এর সাময়িক বরখাস্ত বিধি মোতাবেক হয় নাই মর্মে প্রতীয়মান হয়।

বর্ণিত অবস্থায় মাদ্রাসার সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ মো: ফারুক আহমদ খানকে পত্র প্রাপ্তির ০৭(সাত) কার্য দিবসের মধ্যে অধ্যক্ষের দায়িত্ব হস্তান্তর করে অত্র বোর্ডকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনরোধ করা হলো।

বি:দ্র: বিষয়টি অতীব জরুরী।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

স্বাক্ষর

মো: সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

১) অধ্যক্ষ(ভারপ্রাপ্ত)সোনাতলা ইসলামিয়া আলিম মাদ্রাসা,
শরণখোলা, বাগেরহাট।

২) অধ্যক্ষ(সাময়িক বরখাস্তকৃত)সোনাতলা ইসলামিয়া আলিম মাদ্রাসা,
শরণখোলা, বাগেরহাট।

নং-বামাশিবো/প্রশাসন/ বাগেরহাট-১১৩/২২৫৭/৫

তারিখঃ ০৪.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, বাগেরহাট।
২. জেলা শিক্ষা অফিসার বাগেরহাট।
৩. উপজেলা নির্বাহী অফিসার সদর, বাগেরহাট।
৪. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (মহোদয়ের অবগতির জন্য)।
৫. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

স্বাক্ষর

মোঃ মজিবুর রহমান
উপ রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন নং ৯৬৭৪৮৭৪

স্বাক্ষর